দৈনিক বাংলা

তারিখ ... 5/3/83 ...
পৃষ্ঠা... ...1... কলাম... 1...

021

# ৯ম শ্রেণীর ৫টি পাঠ্যবই আসছে সপ্তাহে পাওয়া যাবে ঃ শিক্ষামন্ত্রী

ফরিদপুর, ৪ঠা ফেব্রুয়ারী (বাসস)।—শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান আজ এখানে বলেন যে নবম শ্রেণীর জন্য পাঁচটি পাঠ্যবই যেগুলো নতুন সিলেবাস অনুযায়ী সংশোধন করা হয়েছে, সেগুলো আগামী সপ্তাহে বাজারে পাওয়া

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(১ম পৃঃ পর)

যাবে।

দেশের সমস্ত হাইস্কুলের প্রত্যেক বিজ্ঞান শিক্ষককে বইয়ের প্রকৃত মূল্যায়ন ও তাদের ব্যক্তিগত অভিজ্ঞতার আলোকে এ বছরের শেষ নাগাদ এর সংশোধিত সংকলন বের করার জন্য নতুন বিজ্ঞান বইয়ের একটি করে কমপ্লিমেন্টারী কপি প্রদান করা হবে।

মন্ত্রী আজ সকালে পিডাব্লিউডি রেস্ট হাউসে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান ও ফরিদপুর জেলার কর্মকর্তাদের উদ্দেশে ভাষণ দিচ্ছিলেন।

ডঃ খান বলেন, সরকার ব্যাপকভিত্তিক দুর্নীতি বন্ধ ও শিক্ষার সমতা বিধানের উপর গুরুত্ব প্রদানের জন্য পরীক্ষা সুসংগত করার যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছেন।

মন্ত্রী বলেন, এই নতুন পথনির্দেশ অনুযায়ী এসএসসি পরীক্ষার কেন্দ্র হবে থানা সদর দফতরগুলোতে এবং এইচএসসি পরীক্ষার কেন্দ্র হবে মহকুমা ও উন্নীত থানা সদর দফতরগুলোতে।

মন্ত্রী বলেন, এর ব্যতিক্রমও হতে পারে; তবে দেশের অন্যত্র পরীক্ষা কেন্দ্র স্থাপন করতে হলে তার পেছনে উপযুক্ত কারণ থাকতে হবে।